



## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা

www.brdb.gov.bd.

পত্র নং- ৪৭.৬২.০০০০.৪০২.১৪.০৫৬.১৮-৭০৪৩


তারিখঃ ০৭ অক্টোবর/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ প্রকল্প প্রণয়নে যশোর জেলা হতে ফুল চাষের বিষয়ে বিস্তারিত তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.৪১০০.৩০০.১৮.০০৩.০৯.৭০৮, তারিখঃ ২৪/০৭/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত প্রস্তাবের প্রেক্ষিতে যশোর জেলায় ফুল চাষের উপর একটি প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। প্রকল্প প্রণয়নের প্রাথমিক পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বস্তুনিষ্ঠ তথ্যের প্রয়োজন হয়ে থাকে বিধায় যশোর জেলার ফুল চাষ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রয়োজন। নিম্নোক্ত তথ্য সমূহের প্রয়োজনীয় আর্থিক বিশ্লেষণসহ ফুল চাষের সম্ভাবনা, সমস্যা ও অন্যান্য সকল বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- কর্ম এলাকায় সুফলভোগীর সংখ্যা কত হতে পারে
- কর্ম এলাকার পরিধি
- ফুল চাষ আওতাভুক্ত জমির পরিমাণ কত হতে পারে
- কি কি ফুল চাষ করা হয়
- ফুল চাষীদের কি ধরনের সহায়তা প্রয়োজন
- বাজারজাতকরণ প্রক্রিয়া
- চাষীদের প্রশিক্ষণ প্রয়োজন কিনা, কি ধরনের প্রশিক্ষণ দেয়া যেতে পারে
- চাষ পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য
- কি ধরনের উপকরণ সহায়তা দেয়া যেতে পারে
- স্থানীয় বেকার যুবক/মহিলাদের কিভাবে ফুল চাষে অন্তর্ভুক্ত করা যায়
- ফুল উৎপাদন খরচ কত
- কোন ঋতুতে কোন ফুলের উৎপাদন বেশি ইত্যাদি।

  
সেয়দ মজিবুল হক

(যুগ্ম-সচিব)

পরিচালক (পরিকল্পনা)

বিআরডিবি, ঢাকা।

ফোনঃ ০২-৮১৮০০০৭

উপপরিচালক

বিআরডিবি, যশোর।

অনুলিপিঃ

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।